ইত্তেফাক

তারিখ ... ১৫.২.৮৩ ...
পৃষ্ঠা ... ১ কলাম ৮ ...

027

# প্রশ্নমালার জবাব মূল্যায়নে শিক্ষা কমিটি

সরকার শিক্ষা কমিটি গঠনের কথা ঘোষণা করিয়াছেন। প্রস্তাবিত শিক্ষানীতি সংক্রান্ত প্রশ্নমালার ব্যাপারে জনসাধারণের জবাব মূল্যায়নের দায়িত্ব এই কমিটির উপর বর্তাইবে। গত রাতে মন্ত্রী পরিষদের বৈঠকে অবিলম্বে এই কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম, এরশাদ।

কমিটির নেতৃত্বে থাকিবেন বিশ্ববিদ্যালয়ের একজন ভাইস চ্যান্সেলর। প্রাথমিক হইতে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষার সকল

(৮ম পৃঃ ১-এর কিঃ দ্রঃ)

## প্রশ্নমালার জবাব

( ১ম পৃঃ পর )

স্তরের প্রতিনিধিত্বও কমিটিতে থাকিবে। খবর বাসস পরিবেশিত।

এদিকে গতরাত্রে সরকারী তথ্য বিবরণীতে বলা হয়ঃ জনমত যাচাইয়ের জন্য শিক্ষা ব্যবস্থার সংস্কার সংক্রান্ত প্রশ্নমালার উত্তর দানের শেষ তারিখ ১৪ই ফেব্রুয়ারী হইতে ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত বাড়ানো হইয়াছে। উত্তর প্রেরণের ঠিকানা হইতেছে: পরিচালক, বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (বেনবেইস), ১নং এশিয়ান হাইওয়ে, নীলক্ষেত, ঢাকা-৫।